

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৯২

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (১৯) তাশরীকের দিনগুলোতে সিয়াম রাখা প্রসঙ্গে বর্ণনা

# 19 \_ فَصْلٌ فِي صَوْمٍ أَيَّامٍ التَّشْرِيقِ

#### আরবী

3592 \_ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (أَيَّامُ مِنىً أيام أكل وشرب)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3592 ا خلاصة حكم المحدث: حسن صحيح \_ ((الإرواء)) (4/ 129).

قَالَ أَبُو حَاتِمٍ رضي الله عنه: قَوْلُهُ صلى الله عليه وسلم: (أَيَّامُ مِنَّى أَيَّامُ أَكْلٍ وَشُرْبٍ) لَفْظَةُ إِخْبَارٍ عَنِ اسْتِعْمَالِ هَذَا الْفِعْلِ مُرَادُهَا الزَّجْرُ عَنْ ضِدِّهِ وَهُوَ صَوْمُ أَيَّامٍ مِنَّى فَقَيَّدَ بِالزَّجْرِ عَنْ صَوْم هَذِهِ الْأَيَّام بِلَفْظِ الْأَمْرِ بِالْأَكْلِ وَالشُّرْبِ فِيهِمَا.

#### বাংলা

৩৫৯২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মিনায় অবস্থানের দিনগুলো পানাহার করার দিন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহ্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "মিনায় অবস্থানের দিনগুলো পানাহার করার দিন" এটি একটি কাজ করা সম্পর্কে বর্ণনা প্রদান কিন্তু এর দ্বারা উদ্দেশ্য হলো তার বিপরীত করার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করা। কাজেই এই দিনগুলোতে সিয়াম রাখার নিষেধাজ্ঞাকে এই দিনগুলিতে পানাহার করার নির্দেশের সাথে সংযুক্ত করেছেন।"



### ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৪/২১; ইবনু মাজাহ: ১৭১৯; মুসনাদ আহমাদ: ২/৫১৩; তাহাবী: ২/২৪৪; দারাকুতনী: ৪/২৮৩; সহীহ মুসলিম: ১১৪১; আবূ দাউদ: ২৮১৩; নাসাঈ: ৭/১৭০; সুনান বাইহাকী: ৪/২৯৭; আত তায়ালিসী: ১২৯৯; দারেমী: ২/২৩-২৪; ইবনু মাজাহ: ১৭২০; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৪৭; হাকিম: ১/৪৩৪-৪৩৫; মুয়ান্ত্ৰ্ ইমাম মালিক: ১/৩৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/১২৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন